

## ঢাকা ওয়াসা


- ১। এফ এম বিভাগ-১ এর ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ২। আলোচ্য কাজের পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

Subject: Supply of Non return Valve under FM Division-1, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৩ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। অত্র এফ এম বিভাগ-১ এর আওতাধীন বর্তমানে ৬৫০টিরও অধিক গভীর নলকূপ চালু আছে। প্রতিদিনই প্রায় ২/৩ টি ব্রেক-ডাউন, পাম্প পরিবর্তন, লিকেজ মেরামত এবং আই,ডব্লিউ, এস প্রকল্প কর্তৃক নির্মিতব্য কূপে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে কলাম পাইপ দ্বারা সাব-পাম্প সেট স্থাপন করা হয়ে থাকে যা অত্র বিভাগের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ কাজের আওতাভুক্ত। মডুস সার্কেল-১ এর আওতাধীন ৬৫০টি কূপের প্রতিটি ডেলিভারী লাইনের সাথে একটি করে Non return valve সংযুক্ত থাকে। প্রতিটি Non return valve কূপ হতে উত্তোলিত পানির প্রবাহ স্বাভাবিক রাখে এবং সরবরাহকৃত লাইনের পানিকে কূপে ফেরত আসতে বাঁধা প্রদান করে থাকে। প্রতিটি Non return valve বেশকিছু Component এর সমন্বয়ে তৈরি করা হয়ে থাকে। এসব Component এর মধ্যে কোন একটি ত্রুটি দেখা দিলে সরবরাহকৃত লাইনের পানি কূপে ফেরত আসে। এতে করে Back pressure সৃষ্টি হয়ে পাম্প মোটরে অধিক Current consumption হবে, পাশাপাশি পানি সরবরাহ ঘাটতিসহ Non revenue water এর পরিমাণ বেড়ে যাবে। Dhaka WASA তে Swing type Non Return Valve এবং Butterfly type Non Return Valve ব্যবহার করা হয়ে থাকে। তন্মধ্যে Swing type Non Return Valve অনেক পুরাতন এবং আকারেও অনেক বড় কিন্তু Butterfly type Non Return Valve আকারে অনেক ছোট হয়ে থাকে। Swing type Non Return Valve অনেক পুরাতন বিধায় তা প্রায়ই নষ্ট হওয়ায় অভিযোগ পাওয়া যায়। বর্তমানে Butterfly type Non Return Valve ব্যবহার করা হয়ে থাকে। Swing type Non Return Valve নষ্ট হলে Butterfly type Non Return Valve প্রতিস্থাপিত করতে হলে Delivery line modification করার প্রয়োজন হয়। এজন্য কাজটি সহজে এবং অল্প সময়ের মধ্যে সম্পন্ন করতে Non revenue water রোধ করার লক্ষ্যে নতুন Butterfly type Non Return Valve সংগ্রহ করার প্রয়োজনীয়তা রয়েছে। আলোচ্য কাজটির পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে= ১১,৯০,৬০০.০০/- (এগার লক্ষ নব্বই হাজার ছয়শত) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-৪৪, পিজি-৩ হতে নির্বাহ করা যেতে পারে।

২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি পিপিআর-২০০৮ এর ৬১ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tendering Method (OTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e- PG-2 এর ফরম্যাটের অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরি করা হবে।






৩। এমতাবস্থায় Supply of Non return Valve under FM Division-1, Dhaka WASA কাজের জন্য উপস্থাপিত= ১১,৯০,৬০০.০০/- (এগার লক্ষ নব্বই হাজার ছয়শত) মাত্র টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০০৮ এর ৬১ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tendering Method (OTM) এ e-GP উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান করে কাজটি সম্পাদন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৮/০৮/২০২৫  
১৯/০৮/২০২৫

১৯/০৮/২০২৫  
২০/০৮/২০২৫

২২/০৮/২০২৫  
২৩/০৮/২০২৫

২৪/০৮/২০২৫  
২৫/০৮/২০২৫


  
২২/৮/২৫

মোঃ আবুল হোসেন  
উপ-সহকারী প্রকৌশলী  
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

  
২১/৮/২৫

মোঃ গোলাম মোস্তফা  
সহকারী প্রকৌশলী  
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

EE

  
১১/০৮/২০২৫

মোঃ নওশাদ আলম  
নির্বাহী প্রকৌশলী  
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

GE RPEEM


  
১১/৮/২৫

মোঃ আঃ লতিফ  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
আর.পি.ই এন্ড এম সার্কেল  
ঢাকা ওয়াসা।

০৪/ ১২/ ২৫/২৫

  
১৩/০৮  
প্রকৌশলী মোঃ নওশাদ আলম  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা।

০৫/ ১২/ ২৫/২৫

  
১৪/০৮/২০২৫

মোঃ নওশাদ আলম  
নির্বাহী প্রকৌশলী  
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

AE